

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

নং-২৪.০৬.০০০০.০০৭.১১.০০৬.২৬. ৫৪৮ তারিখ: ২০।০৮।২০২৬

## নোটিশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৫-০৮-২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭ নম্বর পরিপত্র এবং ২০-০৮-২০২৬ তারিখের ডিপিসি কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের নিয়োগ পরীক্ষা-২০২৫ এর অপেক্ষমাণ তালিকা হতে গাড়িচালক এর ২(দুই)টি, এক্সপার্ট প্লান্টার এর ৪(চার)টি ও এক্সপার্ট রিয়ারার এর ৩(তিন)টি সর্বমোট ৯(নয়)টি শূন্য পদ পূরণের লক্ষ্যে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের নিয়োগের জন্য সুপারিশ করা হলো:

| ক্র: নং | পদের নাম ও গ্রেড | মেধাক্রম | রোল নম্বর | নাম | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | গাড়িচালক (গ্রেড-১৬) | ১৩তম (অপেক্ষমাণ তালিকার ৬ষ্ঠ) | ১২০১১৭০ | জনাব মোঃ ইনামুল হক | ২ (দুই) জন |
| | | ১৪তম (অপেক্ষমাণ তালিকার ৭ম) | ১২০১০৩৬ | জনাব মোঃ মোরশেদ আলম | |
| ২. | এক্সপার্ট প্লান্টার (গ্রেড-১৮) | ৩৩তম (অপেক্ষমাণ তালিকার ৭ম) | ১৩০০৮০৪ | জনাব সুজন চন্দ্র রবি দাস | ৪ (চার) জন |
| | | ৩৪তম (অপেক্ষমাণ তালিকার ৮ম) | ১৩০৩৯৬৭ | জনাব মৃনাল সিংহ | |
| | | ৩৫তম (অপেক্ষমাণ তালিকার ৯ম) | ১৩০০৯৫৩ | জনাব মোঃ হারুন অর রশিদ | |
| | | ৩৬তম (অপেক্ষমাণ তালিকার ১০ম) | ১৩০০৮১০ | জনাব মোঃ বোরহান উদ্দিন | |
| ৩. | এক্সপার্ট রিয়ারার (গ্রেড-১৮) | ২৭তম (অপেক্ষমাণ তালিকার ১০ম) | ১৪০০৭৩৫ | জনাব মোঃ হাবিবুর রহমান | ৩ (তিন) জন |
| | | ২৮তম (অপেক্ষমাণ তালিকার ১১তম) | ১৪০০০২৯ | জনাব মোঃ তৈয়বুর রহমান | |
| | | ২৯তম (অপেক্ষমাণ তালিকার ১২তম) | ১৪০০৫৫৭ | জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম | |

০২. গাড়িচালক পদে অপেক্ষমাণ তালিকা হতে নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৪ ও সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী চাকরি নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী এবং এক্সপার্ট প্লান্টার ও এক্সপার্ট রিয়ারার পদে অপেক্ষমাণ তালিকা হতে নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের প্রবিধানমালা, ২০২৪ অনুযায়ী, মেডিক্যাল বোর্ড বা তৎকর্তৃক মনোনীত মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার প্রত্যয়ন এবং প্রার্থীদের পূর্ব কার্যকলাপ তদন্ত ও সকল সনদ যাচাইপূর্বক প্রজাতন্ত্রের চাকরিতে উপযুক্ত বিবেচিত হলে তাঁকে/তাঁদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিয়োগপত্র প্রেরণ করা হবে।

০৩. অপেক্ষমাণ তালিকা হতে নির্বাচিত প্রার্থীদের অত্র বোর্ডের ওয়েবসাইট (www.bsb.gov.bd) থেকে পুলিশ ভেরিফিকেশন ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক (২কপি পাসপোর্ট সাইজ ছবি ও সকল সনদ পত্রের সত্যায়িত কপি) আগামী ০৩-০৯-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের প্রশাসন শাখায় জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রার্থীগণ নিয়োগ আদেশ প্রাপ্তির পর যোগদানের সময় মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার প্রত্যয়ন ও ডোপ টেস্ট প্রত্যয়ন দাখিল করবেন।

০৪. অপেক্ষমাণ তালিকা হতে নির্বাচিত প্রার্থীগণ কর্তৃক প্রদত্ত কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে তাঁর/তাঁদের প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

২০/৮/২৬
(মুঃ রেজা হাসান)
পরিচালক (প্রশাসন)
ও
সদস্য-সচিব
ডিপিসি কমিটি
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

অনুলিপি:

১। পিএটু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতসহ নোটিশটি ওয়েব সাইটে আপলোড করার জন্য)

CamScanner